জরুরি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.**১৬৬**

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয় : ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরে এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় ৩৭১.০০ লক্ষ (তিন কোটি একাত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০৯টি প্রকল্প এবং ২০২৪-২৫ অর্থবছরে এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় ৬৩৯.৭৫ লক্ষ (ছয় কোটি উনচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৭টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।**

সূত্র : ১. স্মারক নম্বর : ৪৬.৪২.১২০০.০০১.৩২.০৬৭.১৯.২৮৬; তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি.।
২. স্মারক নম্বর : ৪৬.৪২.১২০০.০০১.৩২.০৬৭.১৯.২৮৮; তারিখ : ১৮/০৯/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরে এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় মোট ৩৭১.০০ লক্ষ (তিন কোটি একাত্তর লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১০৯টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ত্রুটিসমূহ সংশোধনপূর্বক পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথ অনুসরণপূর্বক আগামী ৩(তিন) দিনের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

| | |
|---|---|
| (ক) | জেলা পরিষদের ১২তম সভা (গত ২৫ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত)-এর কার্যবিবরণী-এর মাধ্যমে ২০২৩-২৪ এডিপি খাতের ১২৯টি প্রকল্প বাতিল করা হয়েছে। কিন্তু ১২৯টি প্রকল্প বাতিল করার যৌক্তিকতা উল্লেখ করা হয়নি; |
| (খ) | ২০২৩-২৪ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত ১৮২টি প্রকল্পের মধ্যে এত বিপুল পরিমাণ অর্থাৎ ১২৬টি প্রকল্প বাস্তবায়ন না হওয়ার প্রকৃত কারণ/সুস্পষ্ট যৌক্তিকতা কী? |
| (গ) | সভায় কোন্ কোন্ প্রকল্প কী কী যৌক্তিকতার পরিপ্রেক্ষিতে পরিবর্তন করা হচ্ছে এর সুস্পষ্ট কোন তথ্যাদি প্রস্তাবের সাথে সংযুক্ত করা হয়নি; |
| (ঘ) | সূত্রোক্ত ১নং পত্রে উল্লিখিত স্মারক নং-০৭ এ বর্ণিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয় নগর উপজেলা সদরে ৪তলা বিশিষ্ট একটি ডাকবাংলো বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। কিন্তু আলোচ্য সূচী ৩-এর তালিকার প্রস্তাবিত ৯১ নং এ আবার বলা হয়েছে যা স্পষ্ট নয়; |
| (ঙ) | সূত্রোক্ত ১নং পত্র বিশ্লেষণে আরও দেখা যায়, জেলা পরিষদের ১৬তম সভায় (গত ১০ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত) সভায় ১২৯টি প্রকল্পের বিপরীতে নতুন প্রকল্প গ্রহণের কারণ সভার রেজুলেশনে উল্লেখ করা হয়নি; এবং |
| (চ) | জেলা পরিষদের ১২তম সভা হয় ২৩/১০/২৪ তারিখ এবং ১৬তম সভার আলোচ্যসূচি-৩ প্রকল্প পরিবর্তনের বিষয়ে গত ২৭/০১/২০২৫ তারিখের রেফারেন্স দেয়া হয়েছে। ২৭/১০/২০২৫ তারিখের সভার কোন কার্যবিবরণী প্রস্তাবের সঙ্গে যুক্ত নেই। এছাড়া, ১৬তম সভায় পূর্বের অনুমোদিত প্রকল্প বাতিলের কারণ লেখা হয়নি। |

০২। সূত্রোক্ত ২নং স্মারকের পরিপ্রেক্ষিতে, ২০২৪-২৫ অর্থবছরে ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় ৬৩৯.৭৫ লক্ষ (ছয় কোটি উনচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৭টি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি সংশোধনপূর্বক পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথ অনুসরণপূর্বক আগামী ৩(তিন) দিনের মধ্যে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

| | |
|---|---|
| (ক) | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক-১, ২ ও ৩ এ বর্ণিত রাস্তাসমূহ পৌরসভার অধিক্ষেত্রাধীন কিনা? |
| (খ) | প্রস্তাবিত প্রকল্পসমূহ পৌরসভার/ এলজিইডির সড়ক ও মহাসড়ক বিভাগের আইডিভুক্ত/ কোন উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে ইতঃপূর্বে অন্তর্ভুক্ত রয়েছে কিনা? |
| (গ) | প্রস্তাবিত প্রকল্পের ক্রমিক-৪ এ বর্ণিত স্থাপনাটির প্রকৃত মালিকানা কোন্ প্রতিষ্ঠানের এবং এ সংক্রান্ত জমির তফসিল? |
| (ঘ) | জেলা পরিষদের অনুকূলে প্রদত্ত এডিপি বরাদ্দকৃত অর্থে সকল উপজেলায় সমহারে বিভিন্ন ধর্মীয় স্থাপনা যথা: মসজিদ, মাদ্রাসা, ওযুখানা, স্কুল, কলেজ, কবরস্থান, মন্দির, গীর্জা, শ্মশান ঘাট, যাত্রী ছাউনি, ইত্যাদি সামাজিক প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে। এক্ষেত্রে ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত |

| | |
|---|---|
| | ৬৩৯.৭৫ লক্ষ টাকার মধ্যে (২৪০.০৫+২৬০.৪০+৭১.৬৫)=৫৭২.১০ টাকা সদর উপজেলায় রাস্তা নির্মাণ কাজে ব্যয় করা হলে সফল উপজেলায় উল্লিখিত স্থাপনা মেরামত/উন্নয়নে বাধাগ্রস্থ হবে কিনা তা জানা প্রয়োজন; এবং |
| (ঙ) | ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদ হতে ইতঃপূর্বে প্রকল্পসমূহ সুস্পষ্টভাবে প্রেরণ না করার বিষয়ে মৌখিকভাবে বলা হয়েছিল। তথাপি আবারও এভাবে জটিল আকারে প্রস্তাব প্রেরণ করায় প্রশাসনিক অনুমোদন প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। ফলে বারবার এরূপভাবে প্রকল্প প্রস্তাব প্রেরণের বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন। |

০৩.০২.২০২৬


মো: শফিকুর আলম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd


বিতরণ :

১. প্রশাসক, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া; এবং
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৫.২৩.**১৬৬**

তারিখ: ২০ মাঘ ১৪৩২ / ০৩ ফেব্রুয়ারি ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

০৩.০২.২০২৬


মো: শফিকুর আলম
উপসচিব